

মাদ্রাসা শিক্ষা বোর্ড

আলিম ৬৪.৭৪ ফাজিল
৬৭.২৪ ও কামিলে
৯০.৮৪ ভাগ উত্তীর্ণ

যুগান্তর রিপোর্ট

মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ২০০৫-০৬ সালের ১২ মে অনুষ্ঠিত আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার ফলাফল সোমবার প্রকাশিত হয়েছে। এই ৩টি পরীক্ষায় পাসের হার যথাক্রমে আলিম ৬৪ দশমিক ৭৪, ফাজিল ৬৭ দশমিক ২৪ ও কামিল ৯০ দশমিক ৮৪। এবছর আলিম পরীক্ষার মোট আশিহ : পৃষ্ঠা ৭ : কলাম ৩

আলিম : ফাজিল

(১ম পৃষ্ঠার পর)

৪৮ হাজার ২৩৭ জন পরীক্ষার্থী অংশ নেয়। তাদের মধ্যে ৩৫ হাজার ৫৫১ জন ছাত্র এবং ১২ হাজার ২৩৭ জন ছাত্রী। পাস করেছে ২২ হাজার ৯১০ জন ছাত্র ও ৭ হাজার ৬৪৫ জন ছাত্রীসহ মোট ৩০ হাজার ৫৫৫ জন। ফলাফল অনুযায়ী আলিম পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছে মাত্র ২৩ জন, জিপিএ-৪ থেকে ৫ পেয়েছে ১ হাজার ১৪৫ জন, জিপিএ সাড়ে ৩ থেকে ৪ পেয়েছে ৩ হাজার ৬১ জন, জিপিএ-৩ থেকে সাড়ে ৩ পেয়েছে ৫ হাজার ৫৫২ জন, জিপিএ-২ থেকে ৩ পেয়েছে ১৪ হাজার ২৭৬ জন এবং জিপিএ-১ থেকে ২ পেয়েছে ৫ হাজার ৯৬৬ জন। ফাজিল পরীক্ষার অংশ নেয় ২০ হাজার ৫২৫ জন। তাদের মধ্যে ১৭ হাজার ৮৪ জন ছাত্র এবং ৩ হাজার ৪৪১ জন ছাত্রী। পাস করেছে ১১ হাজার ১৮ জন ছাত্র ও ২ হাজার ১৩৪ জন ছাত্রীসহ মোট ১৩ হাজার ১৫২ জন। ফাজিলে প্রথম বিভাগ পেয়েছে ২ হাজার ২৮৭ জন ছাত্র ও ২৯৩ জন ছাত্রীসহ মোট ২ হাজার ৫৮০ জন। দ্বিতীয় বিভাগ পেয়েছে ৭ হাজার ২১৭ জন ছাত্র এবং ১ হাজার ৪৩৮ জন ছাত্রীসহ মোট ৮ হাজার ৬৫৫ জন, তৃতীয় বিভাগ পেয়েছে ১ হাজার ৫১৪ জন ছাত্র ও ৪০৩ জন ছাত্রীসহ মোট ১ হাজার ৯১৭ জন। কামিল পরীক্ষার অংশ নেয় ৮ হাজার ২০০ জন। এর মধ্যে ৭ হাজার ৫২২ জন ছাত্র এবং ৬৭৮ জন ছাত্রী। কামিলে প্রথম বিভাগ পেয়েছে ১ হাজার ৫৫৯ জন ছাত্র ও ৯৫ জন ছাত্রীসহ মোট ১ হাজার ৬৫৪ জন, দ্বিতীয় বিভাগ পেয়েছে ৪ হাজার ৫৬০ জন ছাত্র ও ৩৮৩ জন ছাত্রীসহ মোট ৪ হাজার ৯৪৩ জন এবং তৃতীয় বিভাগ পেয়েছে ৩৫৫ জন ছাত্র ও ৫৮ জন ছাত্রীসহ মোট ৪১৩ জন।